

বাংলাদেশ: বাংলাদেশে উপেক্ষিত বয়স্ক ব্যক্তিদের স্বীকৃতি ও অগ্রাধিকার দিতে হবে, বলেন জাতিসংঘের বিশেষজ্ঞ

জেনেভা/ ঢাকা (১৭ নভেম্বর ২০২২) - বাংলাদেশে দ্রুত বাড়ছে প্রজন্মের বৈষম্য। এই নিয়ে শঙ্কা প্রকাশ করেছেন বয়স্ক ব্যক্তিদের মানবাধিকার বিষয়ক জাতিসংঘের বিশেষজ্ঞ ক্লাউডিয়া মালার। তিনি দৃঢ় পদক্ষেপের মাধ্যমে এই সমস্যা মোকাবেলা করার ও পরিকল্পিত ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বাংলাদেশে প্রবীণদের মানবাধিকার সুরক্ষা নিশ্চিতের আহ্বান জানান।

ইতোমধ্যে বাংলাদেশে ১১ দিনের সফর সম্পন্ন করেছেন জাতিসংঘের এই স্বাধীন বিশেষজ্ঞ। তিনি বাংলাদেশে বিদ্যমান বয়স্ক ব্যক্তিদের জাতীয় নীতিমালাকে স্বাগত জানান এবং এর প্রশংসা করেছেন। তবে এর বাস্তবায়নে নির্দিষ্ট সময়ে কর্ম পরিকল্পনার অভাব রয়েছে, বলেন ক্লাউডিয়া মালার। বাংলাদেশে প্রবীণদের জন্য জাতীয় নীতি গ্রহণের ৯ বছরের বেশি সময় পরেও এটির বেশিরভাগ অগ্রাধিকার ভিত্তিক কার্যক্রম অকার্যকর এবং উপেক্ষায় পর্যবসিত বলে জানান মালার।

এছাড়া তিনি বাংলাদেশ সরকারের চলমান জলবায়ু ইস্যু, ক্রমবর্ধমান অর্থনৈতিক ও আর্থিক সংকটের চ্যালেঞ্জের কথা স্বীকার করে প্রবীণদের অভিজ্ঞতা, দক্ষতা, একইসঙ্গে পরিবার ও সমাজে ব্যাপক অবদান রাখার বিষয়টি স্বীকৃতি দিতে সরকারের প্রতি আহ্বান জানান।

এই ধরনের স্বীকৃতি জনসংখ্যার ক্রমবর্ধমান অনুপাতের সমর্থন ও সুরক্ষা বাড়াবে বলে এক বিবৃতিতে ক্লাউডিয়া মালার জানান। তিনি বলেন, আমি যেসব প্রবীণের সঙ্গে দেখা করেছি তাদের বেশিরভাগই প্রায়শই পরিবার ও সমাজের জন্য যে বোঝা এটি প্রকাশ করেছেন।

এই বিশেষজ্ঞ আরও জানান, বাংলাদেশের সমাজে যদিও বয়স্ক আত্মীয়দের সম্মান ও যত্ন নেওয়ার ঐতিহ্য রয়েছে কিন্তু তাদের 'নির্দিষ্ট চাহিদা' সহজেই উপেক্ষা করা হয়। এ ছাড়া বয়স্ক ব্যক্তির শ্রমবাজারেও উপেক্ষার সম্মুখীন হন বলে জানান তিনি।

ক্লাউডিয়া মালার দেশের বয়স্ক ভাতার বিষয়টিকে সাধুবাদ জানিয়ে এতে আরও তহবিল সংযোজনের প্রয়োজনীয়তা তুলে ধরেন। তিনি সরকারকে প্রবীণদের ওপর জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমিত করার ব্যবস্থা বাস্তবায়ন করতে সুপারিশ জানান। সেই সঙ্গে প্রবীণদের বার্ষিক্যজনিত স্বাস্থ্যসেবার অভাব রয়েছে বলে উদ্বেগ প্রকাশ করেন। তিনি আরও বলেন, শহুরে এলাকায় বস্তিতে বসবাসকারী, রোহিঙ্গা শিবিরে বসবাসকারী, শিপব্রেকিং ইয়ার্ডে কর্মরত, সেইসাথে বিভিন্ন ধরনের বৈষম্যের সম্মুখীন হওয়া ও সুরক্ষাবিহীন পরিস্থিতিতে বসবাসকারী বয়স্ক ব্যক্তিদের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া উচিত।

বাংলাদেশ সফরকালে ক্লাউডিয়া মালার জাতীয় ও স্থানীয় পর্যায়ে সরকারি কর্তৃপক্ষ, সুশীল সমাজ, বয়স্ক ব্যক্তিদের অধিকার নিয়ে কাজ করা স্টেকহোল্ডারদের সঙ্গে সাক্ষাৎ করেন। এছাড়া তিনি দেশের বিভিন্ন প্রান্তের ২০০ জনের বেশি বয়স্ক ব্যক্তিদের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

আমি আশাবাদী, বাংলাদেশ বয়স্ক ব্যক্তিদের সুরক্ষা জোরদার করতে যথোপযুক্ত রাজনৈতিক সদিচ্ছা ও বাজেট প্রদান করবে, বলেন মালার।

এই স্বাধীন বিশেষজ্ঞ ২০২৩ সালের সেপ্টেম্বরে জেনেভায় জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে এই বিষয়ে তার তার অনুসন্ধান এবং সুপারিশসমূহের একটি বিস্তৃত প্রতিবেদন উপস্থাপন করবেন।

উপসংহার

মিসেস ক্লডিয়া মালার (অস্ট্রিয়া) ২০২০ সালের মে মাসে জাতিসংঘের হিউম্যান রাইটস কাউন্সিল কর্তৃক বয়স্ক ব্যক্তিদের সব ধরনের মানবাধিকার ভোগ বিষয়ের স্বাধীন বিশেষজ্ঞ হিসাবে নিযুক্ত হন। তিনি এই ক্ষেত্রে একজন সিনিয়র গবেষক হিসাবে জার্মান ইনস্টিটিউট ফর হিউম্যান রাইটসের জন্য কাজ করছেন। ২০১০ সাল থেকে তিনি জার্মান ইনস্টিটিউট ফর হিউম্যান রাইটস-এর অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক অধিকার বিষয়ক সিনিয়র গবেষক হিসাবে কাজ করছেন। ২০২০-২০২১ সালে তিনি এলিস স্যালোমন হোকসুলে ভিজিটিং প্রফেসরও ছিলেন। ২০০১ থেকে ২০০৯ পর্যন্ত মিসেস মালার পটসডাম বিশ্ববিদ্যালয়ের মানবাধিকার কেন্দ্রে গবেষণা করেন, যেখানে তার প্রধান বিষয় ছিল মানবাধিকার শিক্ষা, সংখ্যালঘু অধিকার এবং আশ্রয় আইন। ২০০০ সালে, তিনি তার ডক্টরেট ডিগ্রি লাভ করেন এবং টাইরল এন্ড ফোরালবার্গ বিষয়ক মানবাধিকার কমিশনের সহ-সভাপতি নিযুক্ত হন।

বিশেষ প্রতিবেদক হলো তারই অংশ যা হিউম্যান রাইটস কাউন্সিলের 'স্পেশাল প্রসিজারস' হিসেবে পরিচিত। স্পেশাল প্রসিজারস (বিশেষ প্রক্রিয়া) হল জাতিসংঘের মানবাধিকার ব্যবস্থার স্বাধীন বিশেষজ্ঞদের বৃহত্তম সংস্থা, কাউন্সিলের স্বাধীন তথ্য-অনুসন্ধান এবং পর্যবেক্ষণ ব্যবস্থার সাধারণ নাম যা বিশ্বের সমস্ত অংশে নির্দিষ্ট দেশের পরিস্থিতি বা বিষয়গত সমস্যাগুলির সমাধান করে। স্পেশাল প্রসিজারস এর বিশেষজ্ঞরা স্বেচ্ছাসেবী হিসেবে কাজ করেন। তারা জাতিসংঘের পেশাদার কর্মী নন এবং তাদের কাজের জন্য বেতন পান না। তারা যে কোনো সরকার বা সংস্থা থেকে স্বাধীন এবং তারা তাদের ব্যক্তিগত সক্ষমতায় সেবা দিয়ে থাকেন।

ইউএন হিউম্যান রাইটস কান্ট্রি পেজ - বাংলাদেশ

আরো তথ্য পেতে এবং সংবাদ প্রাপ্তির জন্য অনুগ্রহপূর্বক যোগাযোগ করুন: মিস ক্লেয়ার ম্যাথেলি,
ইমেইল: claire.mathellie@un.org; ফোন: + ৪১২২৯১৭৪৯৮৯

জাতিসংঘের অন্যান্য স্বাধীন বিশেষজ্ঞদের বিষয়ে মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন: রেনাতো ডি সুজা, ইমেইল: renato.rosariodesouza@un.org অথবা ধরিশা ইন্দ্রগুপ্ত, ইমেইল: dharisha.indraguptha@un.org

টুইটারে জাতিসংঘের স্বাধীন মানবাধিকার বিশেষজ্ঞদের সম্পর্কিত খবর অনুসরণ করুন এই লিঙ্কে:
[@UN_SPExperts](https://twitter.com/UN_SPExperts)